দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JUN 2007
পৃষ্ঠা ১১ কলাম ৭

কাউনিয়া: মানসপাড় এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রী ও শিক্ষকবৃন্দ —ইত্তেফাক

কাউনিয়ায় ২৪ মাদ্রাসার ৯১ শিক্ষক বেতন পান না ১৮ বছর

॥ গোলাম মোস্তফা আনছারী, কাউনিয়া সংবাদদাতা ॥

সরকারের দেয়া প্রতিশ্রুতি আজও বাস্তবায়ন না হওয়ায় রংপুরের কাউনিয়া উপজেলায় রেজিস্ট্রেশনকৃত ২৪টি এবতেদায়ী মাদ্রাসায় বছরে ২ হাজারের অধিক ছাত্র-ছাত্রীকে নিয়মিত পাঠদান করলেও প্রতিষ্ঠানগুলোর ৯১ জন শিক্ষক ১৮ বছর যাবৎ সরকারি কোন প্রকারের বেতন-ভাতা না পাওয়ায় পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছে। এ কারণে বিভিন্ন সময়ে এখানকার ৬টি এবতেদায়ী মাদ্রাসা বিলুপ্ত হয়েছে। বর্তমানে বাকীগুলোর জীর্ণ দশা। যে কোন সময় বিলুপ্তির প্রহর গুনছে বাকী প্রতিষ্ঠানগুলো। মাদ্রাসা শিক্ষকরা জানান, তারা বিভিন্ন সময়ে এ নিয়ে বিগত কয়েক সরকারের নিকট স্মারকলিপি পেশসহ আন্দোলনও করেছিল। কিন্তু ব্যাপারটি সরকারি প্রতিশ্রুতি হিসেবেই ঝুলে আছে।

জানা যায়, ১৯৮৪ সালে মানাস পাড়ে প্রতিষ্ঠিত মানাসপাড় এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা বলেন, তারা শিক্ষকতা জীবনে ২৪ বছর কাটিয়েও বেতন-ভাতার মুখ দেখেন নি। এই প্রতিষ্ঠানে ৪ জন শিক্ষক রয়েছেন। সাংবাদিকদের সামনে তাদের করুণ কাহিনীর বর্ণনা করতে গিয়ে দু'চোখ মুছতে মুছতে প্রধান শিক্ষক শাহ মাছুদার রহমান জানান, আজ আমরা ছোট চাকরি করি। আমাদের হাতে গড়া অনেক ছাত্র-ছাত্রী আজ সমাজে প্রতিষ্ঠিত। এখন আমাদের খবর আর কেউই রাখার দায়িত্ব মনে করেন না। এই মাদ্রাসায় মোট শিক্ষার্থীর সংখ্যা ১৬৮ জন। উপবৃত্তি পায় ৫৯ জন।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে জানা গেছে, প্রতিষ্ঠিত ২৪টি মাদ্রাসার মধ্যে বেতন-ভাতা না পাওয়ার কারণে ৬টি প্রতিষ্ঠান বিলুপ্ত হয়। বাকি ১৮টির মধ্যে ১৪টি প্রতিষ্ঠানে উপবৃত্তিসহ বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদান করা হয়। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান, প্রশাসনিক কারণে মাদ্রাসাগুলোর সভাপতি হলেও শিক্ষকদের বেতন ভাতা প্রদান করা না করা সরকারের সিদ্ধান্তের ব্যাপার।